# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫০৪

২২/ কুরবানী (كتاب الأضاحى عن رسول الله)

পরিচ্ছেদঃ কোন পশু কুরবানী মাকরূহ?

## باب مَا يُكْرَهُ مِنَ الأَضَاحِي

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ الْحُلْوَانِيُّ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا شَرِيكُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ شُرَيْحِ بْنِ النُّعْمَانِ الصَّائِدِيِّ، وَهُوَ الْهَمْدَانِيُّ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ نَسْتَشْرِفَ الْعَيْنَ وَالأُذُنَ وَأَنْ لاَ نُضَحِّيَ بِمُقَابَلَةٍ وَلاَ مُدَابَرَةٍ وَلاَ شَرْقَاءَ وَلاَ خَرْقَاءَ .
حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، أَخْبَرَنَا إِسْرَائِيلُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ شُرَيْحِ بْنِ النُّعْمَانِ، عَنْ عَلِيٍّ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِثْلَهُ وَزَادَ قَالَ الْمُقَابَلَةُ مَا قُطِعَ طَرَفُ أُذُنِهَا . وَالْمُدَابَرَةُ مَا قُطِعَ مِنْ جَانِبِ الأُذُنِ . وَالشَّرْقَاءُ الْمَشْقُوقَةُ . وَالْخَرْقَاءُ الْمَثْقُوبَةُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ أَبُو عِيسَى وَشُرَيْحُ بْنُ النُّعْمَانِ الصَّائِدِيُّ هُوَ كُوفِيٌّ مِنْ أَصْحَابِ عَلِيٍّ وَشُرَيْحُ بْنُ هَانِئٍ كُوفِيٌّ وَلِوَالِدِهِ صُحْبَةٌ مِنْ أَصْحَابِ عَلِيٍّ وَشُرَيْحُ بْنُ الْحَارِثِ الْكِنْدِيُّ أَبُو أُمَيَّةَ الْقَاضِي قَدْ رَوَى عَنْ عَلِيٍّ وَكُلُّهُمْ مِنْ أَصْحَابِ عَلِيٍّ فِي عَصْرٍ وَاحِدٍ . قَوْلُهُ أَنْ نَسْتَشْرِفَ أَىْ أَنْ نَنْظُرَ صَحِيحًا .

বাংলা

১৫০৪। হাসান ইবনু আলী হুলওয়ানী (রহঃ) ... আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিয়েছেন আমরা যেন চোখ-কান ভাল করে দেখে নেই। আর আমরা যেন মুকাবালা, মুদাবারা, শারকা ও খারকা জন্তু কুরবানী না দেই। যঈফ, ইবনু মাজাহ ৩১৪২, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৯৮ [আল মাদানী প্রকাশনী]

হাসান ইবনু আলী (রহঃ) আলী রাদিয়াল্লাহু আনহু থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণিত আছে।

এতে আরো আছে যে, তিনি বলেন, ’’মুকাবালা’’ হল যে পশুর সামনের দিকে কানের এক পাশ কাটা, ’’মুদাবারা’’ হল যে পশুর পিছনের দিকে কানের এক পাশ কাটা, ’’শারকা’’ হল যে পশুর লম্বা লম্বিভাবে কান ছেঁড়া, ’’খারকা’’ হল যেপশুর কানে ছিদ্র আছে।

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। শুরায়হ ইবনুন-নু’মান সাইদী (রহঃ) হলেন, কূফার বাসিন্দা (কুফী)। শুরায়হ ইবনু হারিছ কিন্দী (রহঃ) হলেন, কুফার বাসিন্দা। তিনি ছিলেন কাযী। তাঁর কুনিয়াত বা উপনাম হল আবূ উমায়্যা। শুরায়হ ইবনু হানী (রহঃ)-ও হলেন, কুফী। হানী রাদিয়াল্লাহু আনহু ছিলেন সাহাবী। এরা সকলেই ছিলেন আলী রাদিয়াল্লাহু আনহু-এর শাগরিদ ও সমসাময়িক।

## English

Narrated 'Ali bin Abi Talib:
"The Messenger of Allah (ﷺ) ordered that we check the eyes and ears, and not to slaughter the Muqabalah, nor the Mudabarah, nor the Sharqa', nor the Kharqa'"

Another chain from 'Ali, from the Prophet (ﷺ) and it is similar, but he added: "The Muqabalah is the one whose ears have been severed, the Mudabarah is the one with the sides of its ears cut off, and the Sharqa' is one with its ears split, and the Khurqa' is the one whose ears have a hole pierced through them."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22013

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন